লাগামহীন মূল্যবৃদ্ধি, দুর্বল রেশন ব্যবস্থা খাদ্য দপ্তরে সিপিএমের ডেপুটেশন

স্যন্দন প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর অস্বাভাবিক মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ, কালোবাজারি বন্ধ, রেশন ব্যবস্থায় ভর্তুকি বহাল রাখা এবং গুণগত মানসম্পন্ন পর্যাপ্ত খাদ্যশস্য সরবরাহের দাবিতে খাদ্য ও জনসংভরণ দপ্তরের অধিকর্তার কাছে প্রতিনিধিমূলক ডেপুটেশন দিল সিপিআই (এম) সদর মহকুমা কমিটি। ডেপুটেশনে উপস্থিত ছিলেন সিপিআই(এম) সদর মহকুমা সম্পাদক অমল চক্রবর্তী, রাজ্য কমিটির সদস্য শুভাশিস গাঙ্গুলী, বিধায়ক সুদীপ সরকার, সদর মহকুমা সম্পাদকমণ্ডলীর সদস্য সন্দীপন দেব, বিশ্বজিত দেব ও সঞ্জয় দাস। ডেপুটেশন শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অমল চক্রবর্তী অভিযোগ করেন, রাজ্যে দীর্ঘদিন ধরেই নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রীর দাম অস্বাভাবিকভাবে বেড়ে চলেছে। বাজারের উপর সরকারের কার্যকর কোনও নিয়ন্ত্রণ নেই। তার দাবি, প্রশাসন যেন জেগে ঘুমাচ্ছে। সাধারণ মানুষের নিত্যদিনের খাবারের জোগাড় করাই কঠিন হয়ে পড়েছে। তিনি বলেন, গণবণ্টন ব্যবস্থার দুর্বলতা ক্রমেই প্রকট হচ্ছে। রেশন দোকানে গত প্রায় তিন মাস ধরে চিনি পাওয়া যাচ্ছে না বলে অভিযোগ করেন তিনি। একইসঙ্গে আলু কেজিপ্রতি প্রায় ৪০ টাকা, পেঁয়াজ ৬০ থেকে ৭০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে বলে জানান। তার দাবি, গত তিন মাসে চালের দামও বস্তাপ্রতি প্রায় ৫০০ টাকা বেড়েছে। ফলে সীমিত আয়ের পরিবারগুলির উপর অতিরিক্ত আর্থিক চাপ তৈরি হয়েছে। অমল চক্রবর্তীর অভিযোগ, একদিকে খোলা বাজারে লাগামহীন মূল্যবৃদ্ধি, অন্যদিকে রেশন ব্যবস্থায় পর্যাপ্ত খাদ্যসামগ্রীর অভাব, দুইয়ের চাপে সাধারণ মানুষ চরম সমস্যার মধ্যে পড়েছেন। তিনি বলেন, ডাবল ইঞ্জিনের সরকারের সময় মানুষের কাছে সস্তায় নিত্যপ্রয়োজনীয় জিনিস পৌঁছে দেওয়ার কথা বলা হলেও বাস্তবে রেশন দোকানে প্রয়োজনীয় সামগ্রী মিলছে না। বাজারে কালোবাজারি ও মজুতদারি বেড়ে গেলেও সরকারের কার্যকর নিয়ন্ত্রণ দেখা যাচ্ছে না। রেশন ব্যবস্থায় খাদ্যশস্যের গুণগত মান নিয়েও প্রশ্ন তোলেন তিনি। তার অভিযোগ, বিভিন্ন সময়ে রেশন দোকানের মাধ্যমে খাওয়ার অযোগ্য বা নিম্নমানের সামগ্রী সরবরাহের অভিযোগ উঠেছে। তাই অব্যবহারযোগ্য সামগ্রী সরবরাহ বন্ধ করে রেশনকার্ড পিছু পর্যাপ্ত পরিমাণে উন্নতমানের চালসহ অন্যান্য খাদ্যসামগ্রী নিশ্চিত করার দাবি জানানো হয়েছে। সিপিআই(এম)-এর পক্ষ থেকে বাজারে প্রশাসনিক নজরদারি বাড়ানো, কালোবাজারি ও মজুতদারির বিরুদ্ধে অভিযান, রেশন দোকানে নিয়মিত ভর্তুকিমূল্যে নিত্যপ্রয়োজনীয় সামগ্রী সরবরাহ এবং গণবণ্টন ব্যবস্থাকে আরও শক্তিশালী করার দাবি জানানো হয়। অমল চক্রবর্তী বলেন, মানুষের খাবারের সঙ্গে কোনও আপস করা যায় না। বাজারে মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে সরকারকে অবিলম্বে কার্যকর পদক্ষেপ নিতে হবে। রেশন ব্যবস্থার অব্যবস্থা দূর করে মানুষকে প্রয়োজনীয় খাদ্যসামগ্রী নিশ্চিত করতে হবে। ডেপুটেশনকারীদের বক্তব্যের পর খাদ্য ও জনসংভরণ দপ্তরের অধিকর্তা দাবিগুলির যৌক্তিকতা স্বীকার করেন বলে সিপিআই (এম)-এর পক্ষ থেকে জানানো হয়। কয়েকটি বিষয়ে কেন্দ্রীয় সরকারের নীতিগত অবস্থানের কারণে সীমাবদ্ধতা রয়েছে বলেও তিনি জানান এবং সংশ্লিষ্ট বিষয়গুলি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনার পাশাপাশি যথাসম্ভব ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। অমল চক্রবর্তী আরও জানান, বিদ্যুৎ, স্মার্ট সিটি-সহ বিভিন্ন জনস্বার্থের ইস্যুতে তাদের আন্দোলন অব্যাহত রয়েছে। জনগণের দৈনন্দিন জীবনযাত্রার সঙ্গে যুক্ত মূল্যবৃদ্ধি ও গণবণ্টন ব্যবস্থার দুর্বলতার বিরুদ্ধেও আগামীদিনে সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে ধারাবাহিক আন্দোলন গড়ে তোলা হবে বলে জানান তিনি।



প্রজ্ঞা ভবনে আয়োজিত টিসিএস অফিসারদের প্রশিক্ষণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহা। শুক্রবার। ছবি : নিজস্ব

হর্টির উদ্যোগে বৃক্ষরোপণ ২৫শে

আগরতলা, ২১ আগস্ট।। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির 'এক পেড় মা কে নাম' কর্মসূচিকে সামনে রেখে ত্রিপুরা হর্টিকালচার কর্পোরেশন লিমিটেডের উদ্যোগে আগামী ২৫ আগস্ট বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। ২৫ আগস্ট বিকাল চারটায় এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। আজ ত্রিপুরা হর্টিকালচার কর্পোরেশন লিমিটেডের অফিস কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ত্রিপুরা হর্টিকালচার কর্পোরেশন লিমিটেডের চেয়ারম্যান জহর সাহা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক মীনারানী সরকার সহ এলাকার কর্পোরেটরগণ। এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ত্রিপুরা হর্টিকালচার কর্পোরেশন লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর সহ কর্পোরেশনের অন্যান্য সদস্যগণ।

চাকরি ও মূল্যবৃদ্ধি ইস্যুতে সরকারকে নিশানা প্রদেশ কংগ্রেসের



স্যন্দন প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। কর্মসংস্থান, বেকারত্ব, মূল্যবৃদ্ধি এবং বিদ্যুৎ পরিষেবা নিয়ে কেন্দ্র ও রাজ্য সরকারের বিরুদ্ধে একাধিক অভিযোগ তুলল ত্রিপুরা প্রদেশ কংগ্রেস। শুক্রবার আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে দলের মুখপাত্র প্রবীর চক্রবর্তী অভিযোগ করেন, নতুন নতুন ঘোষণা করা হলেও আগের ঘোষণাগুলির বাস্তবায়ন নিয়ে সরকারকে স্পষ্ট জবাব দিতে হবে। প্রদেশ কংগ্রেসের দাবি, রাজ্যে দীর্ঘদিন ধরে বিভিন্ন দপ্তরে শূন্যপদ রয়েছে। ৩০৫টি নতুন পদ সৃষ্টি করে ১,১১৭টি পদে নিয়োগের ঘোষণা নিয়েও প্রশ্ন তুলেছে দলটি। কংগ্রেসের অভিযোগ, প্রায় ৪০০ চিকিৎসকের পদ শূন্য রয়েছে, অথচ নিয়োগ হচ্ছে না। পাশাপাশি টেট-ওয়ান ও টেট-টু পরীক্ষার্থীদের ফল প্রকাশ ও নিয়োগ প্রক্রিয়া নিয়েও ক্ষোভ প্রকাশ করা হয়। দলের দাবি, গত সাড়ে আট বছরে শিক্ষা ক্ষেত্রে ২৩ হাজারেরও বেশি শিক্ষক পদ বিলুপ্ত হয়েছে এবং ৬০০-র বেশি স্কুল কমেছে। কংগ্রেসের আরও অভিযোগ, কর্মসংস্থানের অভাবে শিক্ষিত ও অর্ধশিক্ষিত যুবক-যুবতিদের রাজ্য ও দেশের বাইরে যেতে হচ্ছে। বিনিয়োগ সম্মেলনে বিপুল বিনিয়োগ ও কর্মসংস্থানের প্রতিশ্রুতি দেওয়া হলেও তার বাস্তব ফল নিয়ে প্রশ্ন তুলেছে প্রদেশ কংগ্রেস। অন্যদিকে, নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি নিয়েও সরব হয়েছে কংগ্রেস। দলের বক্তব্য অনুযায়ী, সর্ষের তেল, LPG, ডাল, দুধসহ বিভিন্ন পণ্যের দাম বেড়েছে। মূল্যবৃদ্ধির জেরে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার উপর চাপ বাড়ছে বলেও দাবি করা হয়। বিদ্যুৎ পরিষেবা ও স্মার্ট মিটার নিয়েও সরকারের বিরুদ্ধে সরব হয়েছে প্রদেশ কংগ্রেস। দলের অভিযোগ, স্মার্ট মিটার, প্রিপেইড ও ডিজিটাল ব্যবস্থার মাধ্যমে সাধারণ গ্রাহকের উপর অতিরিক্ত আর্থিক বোঝা চাপানো হচ্ছে। বিদ্যুৎ ক্ষেত্রে ভর্তুকি দেওয়ার সরকারি সিদ্ধান্তকে স্বাগত জানালেও কোন খাতে কতটা সুবিধা মিলবে, তা স্পষ্ট করার দাবি জানানো হয়েছে। পাশাপাশি স্মার্ট মিটার প্রকল্প বন্ধ, স্থাপিত মিটার তুলে নেওয়া এবং বিভিন্ন অতিরিক্ত চার্জ প্রত্যাহার বা স্থায়ী ভর্তুকির দাবিও জানিয়েছে কংগ্রেস। এদিন প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা জানান, সুষ্ঠু নিয়োগনীতি এবং সমস্ত শূন্যপদ পূরণের দাবিতে আন্দোলন আরও জোরদার করা হবে। কোন দপ্তরে কত পদ শূন্য, কত পদ বিলুপ্ত হয়েছে এবং কেন বিলুপ্ত হয়েছে সরকারকে সেই তথ্য প্রকাশের দাবি জানানো হয়েছে। নিয়োগের ঘোষণার সঙ্গে নির্দিষ্ট সময়সীমাও জানাতে হবে বলে দাবি করেন তিনি। প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে জানানো হয়েছে, যুবসমাজ ও জনস্বার্থের বিভিন্ন ইস্যুতে আগামীদিনে রাজ্যজুড়ে আন্দোলন আরও শক্তিশালী করা হবে। সরকারের কাছে দাবি পূরণের আহ্বান জানানোর পাশাপাশি, দাবি আদায়ে বৃহত্তর আন্দোলনেরও হুঁশিয়ারি দিয়েছে দলটি।

ফাঁকা বসত বাড়িতে চুরি



স্যন্দন প্রতিনিধি, উদয়পুর, ২১ আগস্ট।। ফাঁকা বসত বাড়িতে নিশিকুটুম্বের হানা, ঘর থেকে উধাও নগদ অর্থ সহ বিপুল পরিমাণ স্বর্ণালঙ্কার। ঘটনা উদয়পুর মহকুমার রাধাকিশোরপুর থানাধীন গকুলপুর শাস্ত্রীজি সংঘ এলাকায়। এই দুঃসাহসিক চুরির ঘটনায় আতঙ্ক সাধারণ মানুষের মধ্যে। এই এলাকার বাসিন্দা অম্লান ভৌমিকের বাড়িতে চুরির ঘটনা সংঘটিত হয়। পরিবারের লোকজন বুধবার সন্ধ্যায় সপরিবারে আত্মীয়ের বাড়িতে একটি অনুষ্ঠানে যায়। পরেরদিন বৃহস্পতিবার সন্ধ্যায় বাড়িতে ফিরে এসে দেখতে পায় বাড়ির পিছনের দরজা খোলা। তাতে সন্দেহ হওয়ায় ঘরের ভিতরে প্রবেশ করে দেখতে পায় বিভিন্ন জিনিসপত্র এলোমেলো অবস্থায় পড়ে রয়েছে। পরবর্তীতে একটি ঘরে থাকা আলমিরা খুলে দেখেন জামাকাপড় সহ সমস্ত কিছু উল্টো পাল্টা অবস্থায় ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। পরবর্তীতে প্রত্যক্ষ করেন চোরের দল আলমিরা থেকে নগদ প্রায় ১০ হাজার টাকা, প্রায় সাড়ে তিন ভরি স্বর্ণালঙ্কার সহ বেশ কিছু মূল্যবান বাসনপত্র চুরি করে নিয়ে গেছে। ঘটনার পর চিৎকার চেঁচামেচি করলে পার্শ্ববর্তী লোকজন ছুটে আসেন। খবর দেওয়া হয় রাধাকিশোরপুর থানায়। পুলিশ ঘটনাস্থলে ছুটে গিয়ে চুরির ঘটনার প্রাথমিক তদন্ত করে আসেন। এদিকে বাড়ির মালিক অম্লান ভৌমিক জানান গকুলপুর শাস্ত্রীজি সংঘ এলাকায় প্রায় প্রতিনিয়ত কোনও না কোনও বাড়িতে চুরির ঘটনা ঘটে চলেছে। এলাকার নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করার পাশাপাশি পুলিশ প্রশাসনের কাছে তিনি দাবি জানান, দ্রুত তদন্ত করে চোরদের চিহ্নিত করে আইন অনুযায়ী কঠোর শাস্তির ব্যবস্থা করার জন্য। উদয়পুর মহকুমায়, পরপর চুরির ঘটনায় প্রশ্ন উঠছে পুলিশ প্রশাসনের গোয়েন্দা বিভাগের ভূমিকা নিয়েও। শহর কিংবা গ্রামে বিভিন্ন এলাকায় প্রতিনিয়ত ঘটছে অপরাধমূলক ঘটনা। অথচ গোয়েন্দা বিভাগ কুম্ভনিদ্রায় আচ্ছন্ন।

ব্রিজ থেকে ছড়ায় অটো, আহত দুই

স্যন্দন প্রতিনিধি, কমলপুর, ২১ আগস্ট।। বড়সুরমা কালভার্ট ব্রিজে ভয়াবহ দুর্ঘটনা। নিয়ন্ত্রণ হারিয়ে ছড়ার জলে পড়ল ইলেকট্রিক ব্যাটারি চালিত অটো। স্থানীয়দের তৎপরতায় উদ্ধার হয় দুই যাত্রী। কমলপুরের বড়সুরমা এলাকায় বড়সড় দুর্ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। জানা গেছে, একটি ইলেকট্রিক ব্যাটারি চালিত অটো নিয়ন্ত্রণ হারিয়ে বড়সুরমা কালভার্ট ব্রিজ থেকে সোজা ছড়ার জলে পড়ে যায়। দুর্ঘটনার জেরে অটোটি দুমড়ে-মুচড়ে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রাথমিকভাবে জানা গেছে, দুর্ঘটনার সময় গাড়িটিতে দুইজন ব্যক্তি ছিলেন। বিকট শব্দে গাড়িটি ছড়ার জলে পড়ে যাওয়ার পর স্থানীয়রা দ্রুত ঘটনাস্থলে ছুটে আসেন। কোনো সময় নষ্ট না করে স্থানীয় লোকজনের সহায়তায় গাড়ির ভিতরে থাকা দুইজনকে উদ্ধার করে দ্রুত কমলপুর বিমল সিংহ মেমোরিয়াল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। জানা গেছে, দুর্ঘটনাগ্রস্ত ইলেকট্রিক অটোটি সোনারায় এলাকা থেকে কমলপুরের দিকে আসছিল। বড়সুরমা কালভার্ট ব্রিজ পার হওয়ার সময় কোনো কারণে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে ব্রিজের উপর থেকে নিচে ছড়ার জলে পড়ে যায়। দুর্ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। স্থানীয়দের তৎপরতার কারণে আহতদের দ্রুত হাসপাতালে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে।

মানবিক আবেদন

আমি শান্তনু সাহা। টাউন প্রতাপগড়ের ১ নং রোডের বাসিন্দা। পি পি এল-ভুক্ত পরিবার। আমার একমাত্র ছেলে বিশাল সাহা। বয়স ২২ বছর। ২০২৬ সালের জানুয়ারি মাসে তার বাঁ পায়ে বোন ক্যান্সার ধরা পড়ে। জি বি ক্যান্সার হাসপাতালের চিকিৎসকরা উন্নত চিকিৎসার জন্য দিল্লির এইমসে নিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন। ছেলের ব্যয়বহুল চিকিৎসা করানো আমার পক্ষে অসম্ভব। তাই আমার ছেলের চিকিৎসার জন্য কোনো স্বেচ্ছাসেবী সংস্থা বা সহৃদয় ব্যক্তি আর্থিকভাবে সাহায্য করলে চিরকৃতজ্ঞ থাকব। আর্থিকভাবে সাহায্য করার জন্য আমার ব্যাংক অ্যাকাউন্ট রয়েছে পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকে। অ্যাকাউন্ট নম্বর- ০৫০৮২০০১০০০০৮৮৫২। আই এফ সি নং পি ইউ এন বি ০০৫০৮২০। প্রয়োজনে এই মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে ১৮৬২৩১৩৫৬২।

HOMI BHABHA CENTRE FOR SCIENCE EDUCATION
TATA INSTITUTE OF FUNDAMENTAL RESEARCH

ন্যাশনাল ওলিম্পিয়াড প্রোগ্রাম ২০২৬-২০২৭

বিষয় -অ্যাস্ট্রোনমি, বায়োলজি, কেমেস্ট্রি, ফিজিক্স ও জুনিয়র সায়েন্স

প্রোগ্রামে অংশগ্রহণে ইচ্ছুক সকল শিক্ষার্থীকে অবশ্যই **ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন অব ফিজিক্স টিচার্স (আইএপিটি)** পরিচালিত **ন্যাশনাল স্ট্যাণ্ডার্ড এক্সামিনেশন (এনএসই) ২১ এবং ২২, নভেম্বর** ২০২৬ তারিখ বসতে হবে।

এনএসই যোগ্যতা অর্জন **ইন্টারন্যাশনাল অলিম্পিয়াড ২০২৭** এ অংশ গ্রহণ করার প্রথম পদক্ষেপ।

এনরোল করুন :

এনএসই : https://www.iapt.org.in (২১ আগস্ট-১৪ সেপ্টেম্বর ২০২৬)

বিস্তারিত জানার জন্য : https://olympiads.hbcse.tifr.res.in
https://www.iapt.org.in

cbc 48143/11/0005/2627

লামডিং ডিভিশনের অধীনে মিসেলানিয়াস স্ট্যাটিক সার্ভিস-এর জন্য ই-নিলাম

লামডিং ডিভিশনের অধীনে "মিসেলানিয়াস স্ট্যাটিক সার্ভিস"-এর জন্য ই-নিলাম। নিম্নে বিবরণ নিম্নরূপ। **নিলাম ক্যাটালগ নং:** MSS-LMG-AGZU-26, **নিলাম শুরুর তারিখ ও সময় (প্রতিটি লট):** ০৮-০৯-২০২৬ তারিখের ১১:৩০ ঘন্টা, **নিলাম বন্ধের তারিখ ও সময়:** ০৮-০৯-২০২৬ তারিখের ১২:০০ ঘন্টা, **রেট ইউনিট:** বার্ষিক লাইসেন্স মাশুল, **ট্রিপ/দিন:** ৩৬৫৩।

ক্রমিক নং	লট নং/ক্যাটাগরি	বিবরণ
৪৪/১	এমএসএস-এলএমজি-এজিটিএল-পিএস-৪৪-২৬-১ (মিস-স্ট্যাটিক-সার্ভিসেস - প্রিমিয়াম স্টোরস)	আগরতলা রেলওয়ে স্টেশনে সার্কুলেটিং এলাকায় আগরতলা রেলওয়ে স্টেশনে ১০ (দশ) বছর সময়ের জন্য আরওএফআর-ভিত্তিক ই-নিলাম নীতির মাধ্যমে কোম্পানির মালিকানাধীন/পরিচালিত প্রিমিয়াম রিটেইল স্টোর স্থাপনের প্রস্তাব।

সম্ভাব্য বিডারদের আইআরইপিএস ওয়েবসাইট www.ireps.gov.in-এর ই-নিলাম লিজিং মডিউল দেখার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (সি), লামডিং

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

লামডিং ডিভিশনে বিবিধ স্ট্যাটিক পরিসেবার জন্য ই-নিলাম

লামডিং ডিভিশনে অধীনস্থ আইআরইপিএস ই-নিলাম মডিউলে ০৫ বছর মেয়াদের জন্য 'বিবিধ স্ট্যাটিক সেবা'-এর ই-নিলাম আহ্বান করা হয়েছে। **অকশন ক্যাটালগ নং : এমএসএস-এলএমজি-এজিটিএল-২৬; একক দর:** বার্ষিক লাইসেন্স ফি, **মেয়াদ:** ১৮২৬ দিন; **নিলাম শুরুর তারিখ ও সময়:** ০৪-০৯-২০২৬ তারিখ ১১:০০ টায়।

ক্রম নং	লট নং/ক্যাটাগরি	বিবরণ
৪৪/১	এমএসএস-এলএমজি-এজিটিএল-এসটিজেন-৪৪-২৬-১ (মিস-স্ট্যাটিক-সার্ভিসেস-স্ট্যাটিক জেনারেল)	আরওএফআর ই-নিলাম নীতির মাধ্যমে আগরতলা ও ধর্মনগর রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এলাকায় ৫ (পাঁচ) বছরের জন্য "ত্রিপুরা হেরিটেজ হাব" - ইউনিসেক্স সেলুন ও স্পা-কাম- ত্রিপুরা এথনিক ফুড কোর্ট-এর স্থাপনা সংক্রান্ত প্রস্তাব।

নিলাম বন্ধের তারিখ ও সময়: ০৪-০৯-২০২৬ তারিখে ১১:৩০ টায়। অন্তর্বর্তীন কুলিং-অফ সময়কাল ৩০ মিনিট। পরপর লটগুলো বন্ধ হওয়ার বিরতির সময় ১০ মিনিট। স্বয়ংক্রিয় বৃদ্ধির মেয়াদ: ১২০ সেকেন্ড। সর্বোচ্চ স্বয়ংক্রিয় বৃদ্ধি: ১০ বার। **দ্রষ্টব্য:** আগ্রহী দরদাতাদের বিস্তারিত তথ্যের জন্য আইআরইপিএস-এর ওয়েবসাইট www.ireps.gov.in -এ ই-নিলাম লিজ মডিউল দেখার জন্যে অনুরোধ করা হচ্ছে।

সিনিয়র ডিসিএম, লামডিং

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্ক
TRIPURA GRAMIN BANK

REGIONAL OFFICE - NORTH
Email-coorth@tripuragramin.bank.in

PUBLIC NOTICE

MERGER OF ULTRA SMALL BRANCHES (USBS) WITH LINKED BRANCHES

Notice is hereby given to all concerned that, in accordance with the applicable guidelines of the Reserve Bank of India (RBI), Tripura Gramin Bank has decided to merge the following Ultra Small Branches (USBs) with their respective linked branches:

Sl.No.	Region	USB Name	Linked Branch	Contact No. of Branch Managers of Linked Branch
1.	North	Jagannathpur	Kailashahar	6909358655

The above USBs shall cease to function as independent banking outlets with effect from the close of business hours on **31-10-2026** and shall stand merged with their respective linked branches.

Customers are requested to avail themselves of banking services from the respective linked branches and BC points.

For any clarification, customers may contact the Branch Manager of the respective linked branch.

The Bank assures all customers of continued and uninterrupted banking services through its branch network, BC outlets and digital banking channels.

Date: 21-08-2026
Place: Kailashahar

By Order of the Competent Authority
(Regional Manager North)
Tripura Gramin Bank

Form No.3
[See Regulation-13(1)(a)]

ঋণ আদায় ট্রাইব্যুনাল, গুয়াহাটি

সুবর্ণ ভবন, হাউস নং ১২, নিউ টাউন পথ, হনুমান মন্দির সন্নিকটে,
জি এস রোড, উলুবাড়ি, গুয়াহাটি-৭৮১০০৭ (আসাম)

কেস নং ঃ ওএ/৪০৮/২০২৫

ঋণ আদায় ট্রাইব্যুনাল (পদ্ধতি) রুল, ১৯৯৩ পাঠ করুন রুল ৫ সাবরুল (২এ), আইনের সেকশান ১৯ এর সাব সেকশান (৪) অনুসারে সমন।

Exh No : **6497**

স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া
বনাম
মেসার্স ইঞ্জিনিয়ারিং এলিমেন্টস এণ্ড এলায়েড সাপ্লায়ার্স এবং অন্যান্য

প্রতি,

(১) মেসার্স ইঞ্জিনিয়ারিং এলিমেন্ট এণ্ড এলায়েড সাপ্লায়ার্স
মালিক-শ্রী বিদ্যুত কুমার রায়, ওয়ার্ড নং-৪, আইটিআই এর পূর্বদিকে, হোটেল ইন্দ্রনগর, জেলা-আগরতলা, ত্রিপুরা-৭৯৯০০৬

(২) মি. বিদ্যুত কুমার রায়,
মালিক - মেসার্স ইঞ্জিনিয়ারিং এলিমেন্ট এণ্ড এলায়েড সাপ্লায়ার্স, পিতা-বিনোদ চন্দ্র রায়, ওয়ার্ড নং-৪, আইটিআই এর পূর্বদিকে, হোটেল ইন্দ্রনগর, জেলা-আগরতলা, ত্রিপুরা-৭৯৯০০৬

সমন

যেহেতু, প্রকৃত আবেদন **ওএ/৪০৮/২০২৬** সহ তালিকা মাননীয় প্রিজাইডিং অফিসারের/রেজিস্ট্রারের নিকট পেশ করা হয়েছে ৩০/০৭/২০২৬।

যেহেতু আবেদনকারী আইনের ১৯(৪) ধারায় আপনার বিরুদ্ধে ৬৬৭৪৮৮৫.২৩/- (প্রমাণপত্র ইত্যাদি আবেদনের সহ আবেদন) আদায় দেওয়ার আবেদন করেন যার প্রেক্ষিতে মাননীয় ট্রাইবুনাল সমন/নোটিশ জারি করেন।

আইনের ১৯ সেকশানের (৪) সাবসেকশান অনুসারে আত্মপক্ষ সমর্থনের জন্য নির্দেশ নিম্নরূপ ঃ

(১) সমন জারি করার ৩০ দিনের মধ্যে কারণ দর্শাতে হবে, কেন ঋণ মুক্তির প্রার্থনা মঞ্জুর হবেনা।

(২) আবেদনের '৩এ' নম্বরে উল্লেখিত গচ্ছিত সম্পত্তির বিবরণ কবুল করতে হবে।

(৩) প্রকৃত আবেদনে '৩এ' উল্লেখিত গচ্ছিত সম্পত্তি কোনও প্রকার হস্তান্তর করিবেন না পক্ষান্তরে স্বীকারোক্তি দেবেন।

(৪) প্রকৃত আবেদনের '৩এ' ক্রম সংখ্যায় উল্লেখিত সম্পত্তি বিক্রয় অথবা কোনও প্রকার হস্তান্তর করিবেন না, ট্রাইবুনালের পূর্ব অনুমতি ছাড়া।

(৫) উক্ত সম্পত্তি দাবিয়ে ধারা ব্যাঙ্ক কর্তৃপক্ষ অন্যান্য অর্থ আদায়ের জন্য বিক্রয় পদ্ধতি অবলম্বন করিলে আপনার বিক্রয় পদ্ধতিতে সহযোগিতা করার দায় থাকবে।

আপনাকে আরও নির্দেশ দেওয়া যায় যে লিখিত বিবৃতির প্রতিলিপি সহ আপনি **রেজিস্ট্রার** এর নিকট উপস্থিত হবেন ০৯/০৯/২০২৬ তারিখ **বেলা ১০টা ৩০ মিনিটে**। অন্যথায় অনুপস্থিতির শুনানি হবে এক তরফা।

পেপার বুক এর জন্য অনুসরণ Url : https://cis.drt.gov.in/drtlive/paperbook.php?ri=2026488080703

আমার হস্তাক্ষর ও ট্রাইবুনালের সীলমোহর দেওয়া হল, তারিখ ০১.০৮.২০২৬।

রেজিস্ট্রার
ঋণ আদায় ট্রাইবুনাল, গুয়াহাটি

AGARTALA OPD SCHEDULE — YASHODA HOSPITALS

Doctor Name: Dr. Vijay Kumar Bada
Speciality: Surgical Gasteroenterology
OPD Date : 20.08.2026

Doctor Name : Dr. Vipul Kumar Garg
Speciality: Pulmonology
OPD Date : 21.08.2026

Doctor Name : Dr. Kala Jeethender Jain
Speciality: CARDIOLOGY
OPD Date: 30.08.2026
Chest Pain, Heart attack, Arrythmias, Hypertension, Heart Failure, Peripheral Vascular Disease

YASHODA HOSPITAL AGARTALA INF. CENTER
KPS Mansion(2nd Floor), Opp ICICI Bank, Shankar Chowmuhani

For Appointment: 9100141343 / 8978266933

ভর্তি চলছে

Open Board
10th & 12th
এ পরিক্ষা দিয়ে পাস করতে অতিসত্তর যোগাযোগ করুন
BA, MA, D PHARMA
ENGG, DMLT, BED, D.ELED
যোগাযোগ
7642014420
6909669251

MANAPPURAM FINANCE LTD.
CIN: L65910KL1992PLC006623,
Registered Office: W - 4/ 638A, Manappuram House,
P.o. Valapad, Thrissur - 680 567, Kerala, India

নীলামের বিজ্ঞপ্তি

বন্ধকীকারকগণ -রা' যে সুনির্দিষ্ট লোন বা জনসাধারণ - এতদ্বারা সার্বজনীনভাবে অবগত হচ্ছেন যে নিম্নলিখিত অ্যাকাউন্টগুলোর বন্ধক-রাখা সোনার অলঙ্কারের প্রকাশ্য নীলাম-ডাকের প্রস্তাবনা আয়োজিত হতে চলেছে নিম্নলিখিত শাখাগুলিতে 16.09.2026 তারিখে, সকাল 10-টা থেকে। ... রেজিস্টার্ড চিঠি দ্বারা অবগত হওয়া সত্ত্বেও তাঁদের ঋণ-পরিশোধের প্রেক্ষিতে ... নীলামে না-ওঠা ... যেকোনো দিন কোনো ... বিজ্ঞপ্তি ছাড়াই ... কোনো পরিবর্তন ঘটলে (যদি থাকে) ... পূর্ব-বিজ্ঞপ্তি ছাড়াই ...

বন্ধকী সামগ্রীর তালিকা :-

ত্রিপুরা বিলোনিয়া, অমরপুর আগরতলা, ধলাই ..., 0136130700013665, 3688, 3689, 3709, 3712, 3722, 3723, 3739, 3759, 3783, 3817, 3818, 3832, 3834, 5328, 5331, 5343, 5347, 5353, 5355, 5356, 5361, 5363, 5368, 5370, 5377, 5379, 5380, 5386, 5394, 5400, 5401, 5410, 5420, 5421, 5430, 5431, 5436, 5460, 5466, 5467, 5472, 5476, 5483, 5498, 5501, 5512, 5515, 5519, 5521, 5526, 5549, 0136130730032550, 2551, 2624, 2632, 2578, 2581, 2582, 2589, 2591, 2609, 2618, 2626, 2640, 2650, 2651, 2674, 2675, 2676, 2677, 2681, 2685, 2686, 2687, 2693, 2695, 2696, 2698, 2700, 2703, 2704, 2706, 2710, 2711, 2712, 2716, 2722, 2739, 2740, 2741, 2742, 2744, 2746, 2751, 2752, 2753, 2755, 2761, 2762, 2763, 2772, 2778, 2779, 2782, 2784, 2785, 2786, 2787, 2790, 2793, 2794, 2795, 2801, 2804, 2805, 2812, 2813, 2818, 2822, 2827, 2828, 2829, 2830, 2833, 2834, 2835, 2839, 2841, 2850, 2851, 2853, 2861, 2863, 2866, 2867, 2869, 2871, 2872, 2877, 2878, 2883, 2906, 2907, 2908, 2909, 2920, 2922, 2924, 2925, 2942, 2945, 2949, 2955, 2959, 2975, 2977, 2984, 2986, 2988, 2991, 2998, 2999, 3006, 3009, 3012, 3027, 3028, 3029, 0317, ..., ..., 0135060700035331, 5424, 5850, 6260, 6283, 6342, 6357, 6364, 6373, 6381, 8756, 8759, 8761, 8762, 8770, 8782, 8784, 8787, 8797, 8806, 8808, 8818, 8842, 8852, 8854, 8864, 8890, 8894, 8895, 8896, 8899, 8921, 8929, 8930, 8937, 8941, 8952, 8959, 8964, 8967, 8970, 8977, 8982, 8988, 8992, 9010, 9011, 9032, 0135060730062677, 5356, 6180, 6191, 6433, 6466, 1830, 1864, 1877, 1901, 1905, 1910, 1911, 1912, 1915, 1917, 1931, 1941, 1947, 1948, 1961, 1963, 1964, 1965, 1981, 1982, 1993, 1994, 2004, 2006, 2011, 2026, 2034, 2037, 2041, 2042, 2046, 2056, 2069, 2072, 2074, 2079, 2080, 2081, 2087, 2088, 2089, 2091, 2092, 2093, 2103, 2108, 2111, 2114, 2116, 2122, 2132, 2133, 2134, 2137, 2140, 2157, 2158, 2163, 2166, 2169, 2172, 2176, 2201, 2210, 2214, 2215, 2216, 2222, 2224, 2226, 2227, 2230, 2237, 2242, 2249, 2252, 2253, 2254, 2256, 2257, 2261, 2263, 2269, 2270, 2274, 2275, 2276, 2277, 2278, 2286, 2287, 2304, 2306, 2317, 2318, 2322, 2329, 2332, 2340, 2353, 2358, 2362, 2379, 2390, 2393, 2397, 2398, 2400, 2408, 2412, 2421, 2422, 2424, 2431, 2435, 2436, 2437, 2466, 2469, 2479, 2490, 2492, 2501, 2502, 2506, 2512, 2514, 2516, 2530, 2533, 2543, 2544, 2545, 2552, 2586, 2589, 2592, 2596, 2601, 2607, 2619, 2620, 2621, 2640, 2646, 2648, 2670.

কোনো ব্যক্তি যদি উপরে উল্লিখিত নিলামে অংশগ্রহণ করতে চান, তাহলে তাকে ... 10,000/- টাকা জমা দিয়ে ... 9072607147 নম্বরে যোগাযোগ করুন।

ভারপ্রাপ্ত আধিকারিক
মণপ্পুরম ফাইনান্স লি. -এর পক্ষে-

ONGC
Tripura Asset, Badarghat Complex, Agartala - 799014

Advt. No. 01/2026
Walk-in-Interview

ONGC Tripura Asset invites applications, in prescribed format, from retired ONGC executives (E2-E5) for engagement as Junior Consultant/Associate Consultant on contract basis. The interested candidates are advised to appear for Walk-in-Interview scheduled to be held on **25.08.2026**. For further details please visit **www.ongcindia.com**

General Manager(HR)

আগ্রহ প্রকাশ

নং: ইওআই অফ ২০২৬-২০২৭ | তারিখ : ১৮-০৮-২০২৬

অনুসন্ধানের পরিধি: চিফ মেডিকেল সুপারিন্টেন্ডেন্ট, মহকুমা রেলওয়ে হাসপাতাল, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে, বদরপুর, শ্রীভূমি, আসাম, ভারতের রাষ্ট্রপতির জন্য ও তরফে, ০১ (এক) বছরের মেয়াদের জন্য প্রতি মাসে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার নির্ধারিত সম্মানী-র বিনিময়ে সপ্তাহে ৬ দিন-সোমবার থেকে শনিবার-৪ ঘন্টা করে মহকুমা রেলওয়ে হাসপাতাল, বদরপুর, শ্রীভূমি, আসামে 'অনারারি ভিজিটিং স্পেশালিস্ট' (এইচভিএস) হিসেবে নিযুক্তির জন্য মেডিসিন (ফিজিশিয়ান), জেনারেল সার্জারি (সার্জন), অবস্টেট্রিক্স অ্যাণ্ড গাইনোকোলজি, অ্যানেস্থেসিওলজি এবং ওটোরিনোল্যারিঙ্গোলজি (ইএনটি) বিভাগে যোগ্য অ্যালোপ্যাথিক বিশেষজ্ঞদের কাছ থেকে আগ্রহের প্রকাশ (ইওআই) আহ্বান করা হচ্ছে।

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি। সংশ্লিষ্ট বিশেষ ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর উক্ত বিষয়ে পেশাগত কাজের ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা। যেখানে স্নাতকোত্তর ডিগ্রিধারী উপযুক্ত প্রার্থী পাওয়া যাচ্ছে না, সেখানে সংশ্লিষ্ট বিশেষ ক্ষেত্রে স্নাতকোত্তর ডিপ্লোমা অর্জনের পর ৫ বছরের পেশাগত কাজের অভিজ্ঞতা সম্পন্ন স্নাতকোত্তর ডিপ্লোমাধারীদের বিবেচনা করা হবে।

বয়সসীমা: (ক) প্রথমবার নিযুক্ত হওয়ার ক্ষেত্রে ৩০ থেকে ৬৪ বছর বয়সকে অগ্রাধিকার দেওয়া হয়। (খ) কাজের ধারাবাহিকতা বজায় রাখার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হলো ৬৫ বছর।

সম্মানী এবং পারিশ্রমিক বিয়োগের দৈনিক হার: (আরবি-এর এস্ট. নং. ২০১৪/এইচ-১/১২/৮/এইচভিএস/পলিসি/ই তারিখ ২২-১০-২০১৫)। উপরে উল্লিখিত আরবি -এর পত্র অনুযায়ী, এইচভিএস-এর নিযুক্তির ক্ষেত্রে সংশোধিত সম্মানী -এর হার এবং ১২ দিনের অতিরিক্ত অনুপস্থিতির জন্য বিয়োগের হার নিম্নরূপ:

কর্মঘন্টা	বিশেষজ্ঞের সম্মানী (টাকা প্রতি মাস)	বিশেষজ্ঞের ক্ষেত্রে বিয়োগের হার (টাকা প্রতি দিন)
সপ্তাহে ৬ দিন, দিনে ৪ ঘন্টা	১,০০,০০০/- টাকা (এক লক্ষ টাকা)	৪,১৬৭/- টাকা (চার হাজার একশো সাতষট্টি টাকা) মাত্র

বিনামূল্যে রেলওয়ে পাস: নিজের + স্বামী/স্ত্রী এবং নির্ভরশীল সন্তানদের জন্য (রেল কর্মচারীদের জন্য প্রযোজ্য নিয়ম অনুযায়ী) রাজধানী এক্সপ্রেস সহ এসি টু টিয়ারে এবং শতাব্দী এক্সপ্রেসের এসি চেয়ার কারে সমগ্র ভারতীয় রেল ও কোঙ্কন রেলওয়েতে এক সেট কমপ্লিমেন্টারি রেলওয়ে বৈধ পাস প্রতি ক্যালেন্ডার বছরে সিলেকশন গ্রেড কর্মকর্তাদের প্রাপ্যতা অনুযায়ী প্রদান করা হবে। ক্যালেন্ডার বছরে ৩ মাস কর্মরত থাকার পর সৌজন্যমূলক পাসটি পাওয়া যাবে। (কর্তৃপক্ষ : বোর্ডের পত্র নং. ২০০১/এইচ-I/১২/৪০ তারিখ ১৫-১২-২০০৫)।

বিস্তারিত শর্তাবলি, কাজের পরিধি এবং নির্ধারিত বিন্যাস বা ফরম্যাট সম্পর্কে জানার জন্য আগ্রহী পক্ষগুলোকে নর্থ-ইস্ট ফ্রন্টিয়ার রেলওয়ের ওয়েবসাইট www.nfr.indianrailways.gov.in → জেনারেল ইনফো → ডিভিশন → লামডিং → সাব-ডিভিশনাল হাসপাতাল বিপিবি -এ উপলব্ধ সম্পূর্ণ ইওআই নথিটি দেখার পরামর্শ দেওয়া হচ্ছে।

চিফ মেডিকেল সুপারিন্টেন্ডেন্ট, বদরপুর

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়